

বাউবির প্রতিষ্ঠাতা উপাচার্য প্রফেসর এমিরেটস ড. এম শমশের আলী স্যার এর
মৃত্যুতে ড. এ বি এম ওবায়দুল ইসলাম এর গভীর সমবেদনা

অত্যন্ত দুঃখের সাথে জানাচ্ছি যে, আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন পরমাণু বিজ্ঞানী, বিশিষ্ট ইসলামী চিন্তাবিদ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞান বিভাগের সাবেক অধ্যাপক, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ও সাউথইস্ট বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাতা উপাচার্য, আমার পরম শ্রদ্ধেয় শিক্ষক প্রফেসর এমিরেটস ড. এম শমশের আলী স্যার গত রাত ২:০০ টায় ঢাকার ল্যাব এইড হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ৮৭ বছর বয়সে ইন্তেকাল করেন। ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন। আমি তাঁর বিদেহী আত্মার মাগফিরাত কামনা করছি এবং তাঁর শোকাহত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানাচ্ছি। মহান আল্লাহ পাক তাঁকে জান্নাতুল ফেরদৌস নসীব করুন। আমীন